

সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে সাইফুর রহমান সরকারি কলেজের ফি/চার্জ প্রসঙ্গে

আজ সোনালী ব্যাংক ফুলবাড়ি শাখা কুড়িগ্রাম এর উদ্যোগে সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে সাইফুর রহমান সরকারি কলেজের ফি/চার্জ কালেশনের জন্য চুক্তিপত্র স্বাক্ষর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে সোনালী ব্যাংকের পক্ষে চুক্তিপত্রে স্বাক্ষর করেন জনাব মোঃ মামুনুর রশিদ হেলালী, ডেপুটি জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক পিএলসি প্রিন্সিপাল অফিস, কুড়িগ্রাম এবং সাইফুর রহমান সরকারি কলেজের পক্ষে চুক্তিপত্রে স্বাক্ষর করেন প্রফেসর মোঃ ফিরোজুল ইসলাম, অধ্যক্ষ, সাইফুর রহমান সরকারি কলেজ, ফুলবাড়ি, কুড়িগ্রাম। এতে আরও উপস্থিত ছিলেন দীপংকর বিহারি রায়, ব্যবস্থাপক সোনালী ব্যাংক, ফুলবাড়ি, কুড়িগ্রাম। অত্র কলেজের পক্ষে আরও উপস্থিত ছিলেন জনাব মোঃ জাকির হোসেন ও তপন কুমার রায় (প্রভাষক) সাইফুর রহমান সরকারি কলেজ, ফুলবাড়ি, কুড়িগ্রাম।

বিঃদ্রঃ ২০২৫-২৬ শিক্ষা বর্ষে সাইফুর রহমান সরকারি কলেজের ভর্তি কার্যক্রম এই প্রক্রিয়ার মাধ্যমে সম্পন্ন হবে।